

B.A. 2<sup>nd</sup> Semester (Honours) Examination 2022

বাংলা

Course Title : বাংলা সাহিত্যে অতিপ্রাকৃত ও কল্পবিজ্ঞান কেন্দ্রিক আখ্যান ও গোয়েন্দা কাহিনি

Course ID : 20112

Course Code : AHBNG-202C-4

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান: 80

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:  $2 \times 5 = 10$
- ক) “সে রাত্রে আমার ঘুম হইল না” – কার লেখা কোন গল্পের অংশ ? বক্তা কে ?  
খ) ‘মণিহারা’ গল্পটি কবে কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ?  
গ) “সব ভূতুড়ে” গ্রন্থখানি লীলা মজুমদার কাকে উৎসর্গ করেন ? গ্রন্থটি কত সালে প্রথম প্রকাশিত হয় ?  
ঘ) ‘ভূতুড়ে ঘড়ি’ গল্পে দাদুর পুরো নাম কী ? তার তিন ছেলের নাম লেখো।  
ঙ) “লাটু হতবস্ম হয়ে বসে ভাবতে লাগল, ঘটনাটি সত্য না স্বপ্ন” – কোন্ ঘটনার কথা বলা হয়েছে বুঝিয়ে দাও।  
চ) “তবে খুব প্রয়োজন ছাড়া আমাকে ডেকো না” – কোন রচনার অংশ? বক্তা কে ?  
ছ) বক্ষিমচন্দ্রের বিবিধ প্রবন্ধ কত সালে প্রকাশিত হয় ? এই গ্রন্থের দুটি প্রবন্ধের নাম লেখো।  
জ) সহমরণ বিষয়ক বিদ্যাসাগরের দুটি রচনার নাম প্রকাশকাল সহ লেখো।
- ২। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও:  $5 \times 2 = 10$
- ক) ‘মণিহারা’ গল্প অবলম্বনের ফণিভূষণ চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।  
খ) পেনেটিতে কি ঘটেছিল তা গল্প অনুসরণে সংক্ষেপে আলোচনা করো।  
গ) ‘ধ্বংস করা এবং ধ্বংস হওয়ার জন্যই আমার জন্ম’- পাঠ্যগ্রন্থ অবলম্বনে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।  
ঘ) বাংলা সাহিত্যে তুলনামূলক সাহিত্য সমালোচনার যে সূত্রপাত বক্ষিমচন্দ্র করেছেন তা সংক্ষেপে আলোচনা করো।
- ৩। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও:  $10 \times 2 = 20$
- ক) অতৃপ্তি যৌবনের মর্মান্তিক খেদই ‘কক্ষাল’ গল্পটির উপজীব্য বিষয় – এই অভিমতের সারবত্তা বিচার কর।  
খ) কল্পবিজ্ঞানের গল্প হিসাবে ‘ভূতুড়ে ঘড়ি’ কতটা সার্থক তা আলোচনা করো।  
গ) ভূতুড়ে গল্প অবলম্বনে মেজোপিসেমশাইয়ের চরিত্র আলোচনা করো।  
ঘ) বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারায় বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।